

## ২ জন আসামীসহ ৭০ কেজি গাঁজা উদ্ধার



অদ্য ১০/০৬/২০১৫ ইং তারিখ সময়ঃ ১২.৩০ ঘটিকায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপ-অঞ্চলের কোতোয়ালী সার্কেল এর পরিদর্শক জনাব মোঃ শাহিনুল কবির নেতৃত্বে গঠিত রেইডিং টিম মিরপুর থানাধীন দক্ষিণ মনিপুর এলাকার ৪১৭

নং বাড়ীর নিচতলা তল্লাশী করে ৭০(সত্তর) কেজি গাঁজা উদ্ধার ও জব্দ করা হয় এবং উক্ত গাঁজা সংরক্ষণের জন্য (১) মোঃ নবী হোসেন ওরফে (৩৩), পিতাঃ মোঃ বজলু মিয়া, সাং কালিপুর মধ্যপাড়া, থানাঃ ভৈরব, জেলাঃ কিশোরগঞ্জ (পলাতক) এবং (২) জেসমিন আক্তার (২০), স্বামী-মোঃ নবী হোসেন ওরফে শহিদুল সাং কালিপুর মধ্যপাড়া, থানাঃ ভৈরব, জেলাঃ কিশোরগঞ্জ কে গ্রেফতার করা হয়। গোপন সংবাদের ভিত্তিতে রেইডিং টিম গাঁজা উদ্ধারের জন্য বর্ণিত স্থানে অভিযান পরিচালনা করে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ১৯৯০ মোতাবেক কোতোয়ালী সার্কেলের পরিদর্শক জনাব মোঃ শাহিনুল কবির বাদী হয়ে মিরপুর থানায় মামলা রুজুর প্রক্রিয়া চলছে। উদ্ধারকৃত গাঁজার আনুমানিক মূল্য ৭,০০,০০০/- (সাত লক্ষ) টাকা মাত্র। আসামীকে প্রাথমিকভাবে জিজ্ঞাসাবাদে জানা যায় ঢাকার বিভিন্ন এলাকায় খুচরা মাদক ব্যবসায়ীদের কাছে বর্ণিত মাদকদ্রব্য পাইকারী বিক্রি করত।